ঢাকা ওয়াসা

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
নথি শাখাঃ সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)
মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪৩১.২০.১৪৯.২৪ নথির বিষয়: Rising of Manhole covers Pit and fitting, fixing of Manehole Cover infornt of Bongobazar Crossing (ST-20), Rampura Banosree Road (ST-42), Rampura Nur Msque (ST-39) and Narinda Road(ST-16B) area Under SWTP(M) Division. কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।
নোট: ১ নোটের বিষয়: **Rising of Manhole covers Pit and fitting, fixing of Manehole Cover infornt of Bongobazar Crossing (ST-20), Rampura Banosree Road (ST-42), Rampura Nur Msque (ST-39) and Narinda Road(ST-16B) area Under SWTP(M) Division. কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।**

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ২৯/১২/২৪ ৫:৫১ অপরাহ্ন

সংযুক্ত ক্রমিক নং-০১ হতে ০৬ পর্যন্ত দয়া করে দেখা যেতে পারে। সাপাশো ফেজ-১ ও ২ হতে প্রতিদিন প্রায় ৪৫ কোটি লিটার এর অধিক পরিশোধিত পানি ঢাকা মহানগরবাসীদের নিকট সরবরাহ করা হচ্ছে। সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ ও ফেজ-২ এর প্রায় ৪৬ কিলোমিটার পানির মেইন ট্রান্সমিশন লাইন সহ বিভিন্ন ভাল্ব চেম্বার e-PRV/GV/BV রয়েছে। যা রক্ষণাবেক্ষণ ও পরিচালন সাপাশো(রক্ষণাবেক্ষণ) বিভাগ হতে করা হয়ে থাকে। প্রতিটি ভাল্ব চেম্বার e-PRV/GV/BV ঢাকা মহানগরের মেইন রাস্তায় স্থাপিত বিধায় ঢাকা সিটি কর্পোরেশন (উত্তর ও দক্ষিণ) নিয়মিতভাবে রাস্তা কার্পেটিং করায় চেম্বার গুলোর কভার কার্পেটিং এর নিচে চলে গেছে। বিধায় বর্ণিত ভাল্ব চেম্বারের লোকেশন As-built ড্রইং এ দেখা গেলেও তা বাস্তবে দেখা যাচ্ছে না। ফলে সংশ্লিষ্ট এলাকায় পানি সরবরাহ সুষ্ঠ ভাবে পরিচালনার স্বার্থে জরুরী ভিত্তিতে বিষয়ে বর্ণিত ম্যানহোল উঁচু করা প্রয়োজন। এছাড়াও ঢাকা শহরে ফ্লাইওভার,আন্ডারপাস,এলিভেটেড এক্সপ্রেসওয়ে,ওভারপাস প্রভৃতি অবকাঠামো নির্মান হয়েছে/হচ্ছে। এক্ষেত্রে রাস্তা উঁচু অথবা অবকাঠামোর কারনে উল্লেখিত পানির লাইনে কন্ট্রোল ভাল্ব সমূহ ঢাকা পড়েছে। ফলে ভাল্ব গুলো পরিচালন ও রক্ষণাবেক্ষণ কাজে বাধার সৃষ্টি হচ্ছে। কাজেই দ্রুত সায়েদাবাদ পানি শোধনাগারের বিষয়ে বর্ণিত ভাল্ব চেম্বারের ম্যানহোল কভার উঁচু করণ কাজ সম্পন্ন করা অতীব জরুরী।

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ২৯/১২/২৪ ৫:৫১ অপরাহ্ন

আলোচ্য সরবরাহ কাজটি বাস্তবায়নের লক্ষে PWD-2022 এর ভিত্তিতে ''দাপ্তরিক প্রাক্কলন'' উপস্থাপন করা হল। উপস্থাপিত প্রাক্কলন দাঁড়িয়েছে মোট টাঃ ৪৮,৭৫৫.৬০ (আটচল্লিশ হাজার সাতশত পঞ্চান্ন দশমিক ছয় শূন্য) টাকা মাত্র। ঢাকা ওয়াসার প্রচলিত DoFP অনুযায়ী, উপস্থাপিত প্রাক্কলন অনুমোদনের আর্থিক ক্ষমতা প্রধান প্রকৌশলী, ঢাকা ওয়াসা মহোদয়ের এখতিয়ার ভুক্ত। উক্ত কাজের ব্যয়ভার সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ এর ২০২৪-২৫ ইং অর্থ বছরের বাজেটের পানির লাইন রক্ষণাবেক্ষণ কোড নং-০১-০৪-০০১ এর খাত হতে নির্বাহ করা যেতে পারে।

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ২৯/১২/২৪ ৫:৫৬ অপরাহ্ন

২০২৪-২৫ ইং অর্থ বছরের অনুমোদিত বার্ষিক কর্ম পরিকল্পনায় বিষয়ভুক্ত ক্রয় কাজটি সরাসরি দরপত্র পদ্ধতিতে সম্পাদনের জন্য Emergency and unforeseen procurement হিসাবে ধরা আছে। আলোচ্য কাজটি বার্ষিক কর্ম পরিকল্পনার ক্রমিক নং-১৭১ এবং প্যাকেজ নং-EU13 তে অর্ন্তভুক্ত রয়েছে। সেই আলোকে আলোচ্য কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৭৬ (১) এর (ট) ধারা অনুসারে সরাসরি কার্যক্রয় পদ্ধতি এর মাধ্যমে ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স এ আলম এন্টারপ্রাইজ কে নিয়োজিত করে কাজটি সম্পাদনের প্রস্তাবনা পেশ করা হ'ল।

সংযুক্তিসমূহ (৬):

১। ২০২৪-২৫ অর্থ বছরের এর অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।.
২। সাপাশো এর মেইন ট্রান্সমিশন নেটওয়ার্কের বিদ্যমান নক্সা।.
৩। ম্যানহোল কভারের নক্সা।.
৪। বিদ্যমান ম্যানহোল কভারের ছবি.
৫। আলোচ্য কাজের খসড়া প্রাক্কলন।.
৬। আলোচ্য কাজের প্রাক্কলনের কপি।.

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ২৯/১২/২৪ ৫:৫৭ অপরাহ্ন

এমতাবস্থায়,উপর্যুক্ত অনুচ্ছেদ-১.০ হতে ১.২ পর্যন্ত বর্ণনালোকে,"Rising of Manhole covers Pit and fitting, fixing of Manehole Cover infornt of Bongobazar Crossing (ST-20), Rampura Banosree Road (ST-42), Rampura Nur Msque (ST-39) and Narinda Road(ST-16B) area Under SWTP(M) Division." শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্নিত প্রস্তাবসমুহ অনুমোদন করা যেতে পারে।

ক) উল্লেখিত কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৭৬ (১) এর (ট) ধারা অনুসারে সরাসরি মেসার্স এ আলম এন্টারপ্রাইজ এর সহিত চুক্তির মাধ্যমে বাস্তবায়নের অনুমোদন।

খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলন টাঃ ৪৮,৭৫৫.৬০ (আটচল্লিশ হাজার সাতশত পঞ্চান্ন দশমিক ছয় শূন্য) টাকা মাত্র এর অনুমোদন।

গ) আলোচ্য ক্রয় সংক্রান্ত ব্যয় পানির লাইন রক্ষণাবেক্ষণ, কোড নং-০১-০৪-০০১ খাত হতে নির্বাহের অনুমোদন।

উল্লেখ্য, উপর্যুক্ত প্রস্তাবনাসমুহ অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

২৯/১২/২৪ ৫:৫৯ অপরাহ্ন
সুব্রত কুমার দেব
উপ-সহকারী প্রকৌশলী
সায়েদাবাদ পানি শোধনাগার
(রক্ষণাবেক্ষণ)

২৯/১২/২৪ ৬:১৩ অপরাহ্ন
মোহাম্মদ মশিউর রহমান ভূঞা
সহকারী প্রকৌশলী
সায়েদাবাদ পানি শোধনাগার
(রক্ষণাবেক্ষণ)

২৯/১২/২৪ ৭:৫৪ অপরাহ্ন
সৈয়দ শিহাবুর রহমান
নির্বাহী প্রকৌশলী
সায়েদাবাদ পানি শোধনাগার
(রক্ষণাবেক্ষণ)

২৯/১২/২৪ ৮:৫৪ অপরাহ্ন
মির্জা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল

~~২৯/১২/২৪ ৮:৫৪ অপরাহ্ন~~
~~মুস্তাফিজুর রহমান~~
~~প্রধান প্রকৌশলী~~
~~প্রধান প্রকৌশলী (পরিচলন ও রক্ষণাবেক্ষণ)~~

অনুচ্ছেদ ১.৪ - তারিখঃ ১/১/২৫ ১২:০৪ পূর্বাহ্ন

Okay

১/১/২৫ ১২:০৪ পূর্বাহ্ন
মুস্তাফিজুর রহমান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচলন ও রক্ষণাবেক্ষণ)

১/১/২৫ ৯:৪৮ পূর্বাহ্ন
মির্জা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল

১/১/২৫ ১১:৫১ পূর্বাহ্ন
সৈয়দ শিহাবুর রহমান
নির্বাহী প্রকৌশলী
সায়েদাবাদ পানি শোধনাগার
(রক্ষণাবেক্ষণ)

১/১/২৫ ২:৩৭ অপরাহ্ন
মোহাম্মদ মশিউর রহমান ভূঞা
সহকারী প্রকৌশলী
সায়েদাবাদ পানি শোধনাগার
(রক্ষণাবেক্ষণ)

১/১/২৫ ২:৩৭ অপরাহ্ন
সুব্রত কুমার দেব
উপ-সহকারী প্রকৌশলী
সায়েদাবাদ পানি শোধনাগার
(রক্ষণাবেক্ষণ)